86

# সংবাদ


তারিখ ... AUG 1 8 2006
পৃষ্ঠা ৭ কলাম ৫




গতকাল রাজধানীর জিরো পয়েন্ট এলাকায় খেলাফত মজলিসের নেতাকর্মীদের ওপর পুলিশের লাঠিচার্জ —সংবাদ

## পুলিশের লাঠিচার্জ, আহত ১৫

# শিক্ষামন্ত্রীর প্রস্তাব নাকচ করেছে খেলাফত মজলিস


নিজস্ব বার্তা পরিবেশক


শর্তহীনে কওমি মাদ্রাসার সরকারি স্বীকৃতি দেয়ার সরকারি প্রস্তাব নাকচ করে দিয়েছে খেলাফত মজলিস। গতকাল বৃহস্পতিবার রাতে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের সরকারি বাসভবনে অনুষ্ঠিত বৈঠকে খেলাফত মজলিস নেতৃবৃন্দ সরকারের এ প্রস্তাব নাকচ করে দেন। এ সময় তারা শিক্ষামন্ত্রীকে সাফ জানিয়ে দেন আগামী রোববারের মধ্যে কওমি মাদ্রাসার সরকারি স্বীকৃতি প্রদান না করা হলে মুক্তাঙ্গনের অবস্থান কর্মসূচি ছাড়াও আরও কঠোর কর্মসূচি দেয়া হবে।

খেলাফত মজলিস নেতা আতাউল্লাহ গতকাল রাতে 'সংবাদ'কে জানান, শিক্ষামন্ত্রীর সঙ্গে খেলাফত মজলিসের মহাসচিব মাওলানা আবদুর রব ইউসুফী, সিনিয়র নায়েবে আমির মুফতি শহীদুল ইসলাম এমপি, সাংগঠনিক সম্পাদক হুমায়ুন


নাকচ : পৃ: ২ ক: ৬



(১ম পৃষ্ঠার পর)


কবিরসহ ৫ জন শীর্ষ নেতা বৈঠক করেছেন। শিক্ষামন্ত্রীর পক্ষ থেকেই এই বৈঠকের আয়োজন করা হয়। তিনি জানান, শিক্ষামন্ত্রী বলেছেন সরকার ৪টি শিক্ষা বোর্ডের মাধ্যমে কওমি মাদ্রাসার সরকারি স্বীকৃতি প্রদানে রাজি হয়েছে; কিন্তু আমাদের দাবি বেফাকের (কওমি মাদ্রাসার বেসরকারি বোর্ড) মাধ্যমে কওমি মাদ্রাসার সরকারি প্রদান করতে হবে। এই বেফাকের অধীনে আরও ৩টি শিক্ষা বোর্ড গঠন করতে হবে।

গতকাল মুক্তাঙ্গনে পুলিশ বেধড়ক লাঠিচার্জ ও টিয়ার শেল নিক্ষেপ করেও সরাতে পারেনি খেলাফত মজলিস নেতাকর্মীদের। গতকাল সকাল ১০টার দিকে কওমি মাদ্রাসার সরকারি স্বীকৃতির দাবিতে মুক্তাঙ্গনে অবস্থানরত খেলাফত মজলিস নেতাকর্মীদের বেধড়ক পেটায় পুলিশ। জিরো পয়েন্ট এলাকায় এ ঘটনা ঘটে। এতে খেলাফত মজলিস ঢাকা মহানগর শাখার সিনিয়র সহ-সভাপতি মাওলানা কুরবান আলীসহ ১৫ জন আহত হন। মজলিস নেতাকর্মীরা জানান, সকালে পুলিশ জিরো পয়েন্ট এলাকায় অবস্থানরত আন্দোলনকারীদের সরিয়ে দেয়ার চেষ্টা করে। এ সময় আন্দোলনকারীরা সেখান থেকে সরতে অস্বীকৃতি জানালে পুলিশ তাদের ওপর চড়াও হয়। এক পর্যায়ে ২ রাউন্ড টিয়ার সেল নিক্ষেপ করে তাদের ছত্রভঙ্গ করার চেষ্টা করা হয়। পরে অবশ্য আন্দোলনকারীরা জিরো পয়েন্ট থেকে সরে মুক্তাঙ্গনের সামনে এসে অবস্থান নেয়।

পল্টন থানা পুলিশ জানায়, আন্দোলনকারীরা মুক্তাঙ্গনে শুধু অবস্থানই করেনি। তারা জিপিও মোড় ও পল্টন মোড় পর্যন্ত রাস্তায় যানবাহন চলাচল বন্ধ করে দেয়। এতে ঢাকায় ভয়াবহ যানজটের সৃষ্টি হয়েছে। গতকাল সকালে তাদের মুক্তাঙ্গনের ভেতরে অবস্থান নেয়ার আহ্বান জানানো হলে তারা পুলিশের ওপর চড়াও হয়। এ